



সমস্বয়ক পরিচয়ে গুলশানে চাঁদাবাজি: গণতান্ত্রিক ছাত্রসংসদের বহিষ্কৃত নেতা জানে আলম অপু গ্রেফতার



সংগৃহীত ছবি

সমস্বয়ক পরিচয়ে রাজধানীর গুলশানে ৫০ লাখ টাকা চাঁদা দাবির ঘটনায় গণতান্ত্রিক ছাত্রসংসদের সাবেক কেন্দ্রীয় নেতা জানে আলম অপুকে গ্রেফতার করেছে পুলিশ। সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ ও চাঁদাবাজিতে সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়ার তাকে বহিষ্কার করা হয়েছে। এর আগে ঘটনার সঙ্গে জড়িত আরও চারজনকে রিমান্ডে নেয় পুলিশ। আজ শুক্রবার (১ আগস্ট) রাজধানীর ওয়ারী এলাকা থেকে ডিবি পুলিশ তাকে আটক করে। বিষয়টি নিশ্চিত করেন ডিএমপি'র মিডিয়া ও জনসংযোগ বিভাগের উপ-পুলিশ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান।

এ ঘটনায় জানে আলম অপুকে সংগঠন থেকে বহিষ্কার করে গণতান্ত্রিক ছাত্রসংসদ। সংগঠনের দফতর সম্পাদক মাহফুজুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, চাঁদাবাজির ঘটনার প্রমাণ পাওয়ার পর গঠনতন্ত্রের ধারা ৩.১ অনুযায়ী সংগঠনের যুগ্ম আহ্বায়ক জানে আলম অপু ও কেন্দ্রীয় সদস্য আব্দুর রাজ্জাক বিন সুলাইমানকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়। সংগঠনের আহ্বায়ক আবু বাকের মজুমদার ও সদস্য সচিব জাহিদ আহসান এ সিদ্ধান্ত অনুমোদন দেন।

সংগঠনের পক্ষ থেকে আইনশৃঙ্খলা বাহিনীকে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

এদিকে, বহিষ্কারের পর নিজের অবস্থান পরিষ্কার করে জানে আলম অপু সামাজিক মাধ্যমে একটি স্ট্যাটাস দেন। সেখানে তিনি দাবি করেন, “আমি গ্রেফতার হইনি এবং কোথাও চাঁদাবাজিও করিনি। গুলশানের ঘটনার সঙ্গে আমি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত নই।”

তবে মামলার এজাহারে বাদী অভিযোগ করেন, গত ১৭ জুলাই গুলশান-২ এর নিজ বাসায় দুই ব্যক্তি—আব্দুর রাজ্জাক রিয়াদ ও জানে আলম অপু—সমস্বয়ক পরিচয়ে গিয়ে ৫০ লাখ টাকা ও স্বর্ণালঙ্কার দাবি করেন। চাঁদা না দিলে তাকে রাজনৈতিক পরিচয়ে ভয়ভীতি দেখিয়ে গ্রেফতারের হুমকি দেওয়া হয়। বাদী তখন ১০ লাখ টাকা দেন। পরে ১৯ জুলাই তারা আবার ৪০ লাখ টাকা দাবি করে। অবশেষে ২৬ জুলাই টাকা নিতে গেলে গুলশান থানা পুলিশ তাদের হাতেনাতে ধরে ফেললেও জানে আলম অপু পালিয়ে যান।

উল্লেখ্য, ২৬ জুলাই অস্ট্রেলিয়া প্রবাসী সাবেক সংসদ সদস্য শাহ্মী আহমেদের স্বামী আবু জাফরের গুলশানের বাসায় চাঁদাবাজির সময় পাঁচজন ধরা পড়েন। তারা হলেন—আব্দুর রাজ্জাক বিন সুলাইমান (রিয়াদ), ইব্রাহীম হোসেন, মো. সাকাদাউন সিয়াম, সাদমান সাদাব এবং মো. আমিনুল ইসলাম। নেতৃত্বে ছিলেন রিয়াদ। এ মামলায় ইতোমধ্যে চারজনকে সাত দিনের রিমান্ডে নেয়া হয়েছে